# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইল: dgmsme@krishibank.org.bd;


ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)এসএমই-৭(৮)/করোনা/২০২২-২৩/ ২০৬৮-৮(১২৫০) তারিখঃ ২০/০২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ২০২২-২০২৩ অর্থবছরে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই'র আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ বাস্তবায়নকল্পে যথাসময়ে ঋণ বিতরনের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটারনং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-৪)/৭(৮)/২০২১-২০২২/৪৪৮(১২৫০), তারিখঃ ১৩/০৯/২০২১, সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-4/১১(৪)/২০২২-২০২৩/১৩২(১২৫০)তারিখঃ ২১/০৭/২০২২, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০২২, তারিখ ০৪/০৮/২০২২এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) থেকে উদ্ভূত 'বৈশ্বিক মহামারি'র বিরূপ প্রভাব মোকাবেলা, দেশের অর্থনৈতিক কর্মকান্ড ও ব্যবসায় পরিবেশ পুনরুজ্জীবিতকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে বর্তমানে এসএমই'র আওতায় ০৩(তিন) টি প্যাকেজ চলমান রয়েছে। উক্ত প্যাকেজসমূহের মধ্যে ০২(দুই) টি বাংলাদেশ ব্যাংকের পূনঃঅর্থায়ন স্কীমের আওতায় পরিচালিত এবং ০১(এক) টি এসএমই ফাউন্ডেশন এর ৩০০.০০ কোটি টাকার রিভলবিং ফান্ড হতে পরিচালিত। আলোচ্য প্রণোদনা প্যাকেজের অধীনে অত্র ব্যাংকের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫/০২/২০২৩ তারিখ ভিত্তিক প্যাকেজসমূহ বাস্তবায়নকল্পে বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগীয় কার্যালয় | ২০,০০০ কোটি টাকার পূনঃঅর্থায়ন স্কীম (তৃতীয় পর্যায়) | | | মেয়াদী ঋণের বিপরীতে ২৫,০০০ কোটি টাকার পূনঃঅর্থায়ন স্কীম | | | এসএমই ফাউন্ডেশন এর ৩০০.০০ কোটি টাকার রিভলবিং ফান্ড | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
| ১ | ঢাকা | ৪২.০০ | ২৪.৭২ | ৫৮.৮৫% | ৮৬.০০ | ২৪.৮০ | ২৮.৮৪% | ৪.৩০ | ১.১১ | ২৫.৭০% |
| ২ | ময়মনসিংহ | ২২.০০ | ১৫.৬৬ | ৭১.১৯% | ৫০.০০ | ২১.৫১ | ৪৩.০১% | ২.০০ | ১.৫০ | ৭৪.৮০% |
| ৩ | চট্টগ্রাম | ২৫.০০ | ১৭.০৩ | ৬৮.১২% | ৩৭.০০ | ৮.৬৩ | ২৩.৩১% | ১.৯০ | ০.৫৫ | ২৮.৬৮% |
| ৪ | খুলনা | ১৫.০০ | ১০.৭৫ | ৭১.৬৪% | ২৭.০০ | ৮.৬০ | ৩১.৮৬% | ২.৩০ | ০.৯৫ | ৪১.৪১% |
| ৫ | বরিশাল | ১০.০০ | ৭.৪১ | ৭৪.০৯% | ১৯.০০ | ৫.৭৩ | ৩০.১৫% | ১.০০ | ০.৩২ | ৩২.০০% |
| ৬ | সিলেট | ১৫.০০ | ৮.৭১ | ৫৮.০৮% | ২৪.০০ | ৭.৮২ | ৩২.৫৮% | ১.২০ | ০.৬৭ | ৫৫.৮৩% |
| ৭ | কুমিল্লা | ৩৫.০০ | ২২.৯৬ | ৬৫.৫৯% | ৫৭.০০ | ১১.০০ | ১৯.২৯% | ৩.০০ | ০.৩৬ | ১২.০০% |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ | ১৩.৩৫ | ৮৮.৯৯% | ৩৩.০০ | ৯.৫৯ | ২৯.০৫% | ২.০০ | ১.৩০ | ৬৫.০০% |
| ৯ | কুষ্টিয়া | ২০.০০ | ১৩.০০ | ৬৪.৯৯% | ৩৯.০০ | ৫.০৯ | ১৩.০৫% | ১.৮০ | ০.৩৫ | ১৯.৩১% |
| ১০ | এলপিও | ১.০০ | ০.০০ | ০ | ৮.০০ | ০.০০ | ০ | ০.৫০ | ০.০০ | ০ |
| মোট- | | ২০০.০০ | ১৩৩.৫৮ | ৬৬.৭৯% | ৩৮০.০০ | ১০২.৭৫ | ২৭.০৪% | ২০.০০ | ৭.১০ | ৩৫.৪৮% |

উপরোক্ত সারনী পর্যালোচনায় দেখা যায় ঃ

ক) ২০,০০০ কোটি টাকা পূনঃঅর্থায়ন স্কীম এর আওতায় ২০০.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে মোট অর্জিত হয়েছে ১৩৩.৫৮ কোটি টাকা। ১৫/০২/২০২৩ তারিখভিত্তিক সামগ্রিক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ৬৬.৭৯%। বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ, বরিশাল, খুলনা ও ফরিদপুরকে অর্জনের জন্য অভিনন্দন। বিভাগীয় কার্যালয় ঢাকা ও সিলেট আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের তুলনায় কিছুটা পিছিয়ে আছে। উল্লেখ্য, সংশ্লিষ্ট খাতে স্থানীয় মুখ্য কার্যালয় এর জন্য বরাদ্দকৃত ১.০০ কোটি টাকার বিপরীতে এ যাবৎ কোন ঋণ বিতরন করেনি যা মোটেও কাম্য নয়।

খ) মেয়াদী ঋণের বিপরীতে ২৫,০০০ কোটি টাকা পূনঃঅর্থায়ন স্কীম এর আওতায় ৩৮০.০০ কোটি টাকা বিতরন লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫/০২/২০২৩ তারিখ পর্যন্ত ২৩৭.৫০ কোটি টাকা বিতরন হওয়ার কথা ছিল কিন্তু বিতরন হয়েছে ১০২.৭৫ কোটি টাকা যা হতাশাজনক। কোন বিভাগীয় কার্যালয়ই আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বিভাগীয় কার্যালয় ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ফরিদপুর ও কুষ্টিয়ার অর্জন হতাশাজনক। বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয় বরাদ্দকৃত ৮.০০ কোটি টাকার বিপরীতে কোন ঋণ কোন বিতরন করতে পারেনি।

গ) এসএমই ফাউন্ডেশন এর ৩০০.০০ কোটি টাকার রিভলভিং ফান্ড এর আওতায় ২০.০০ কোটি টাকা ঋণ বিতরন লক্ষ্যমাত্রার বিপরীতে মাত্র ৭.১০ কোটি টাকা বিতরন করা হয়েছে। বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ ও ফরিদপুরের অর্জন সন্তোষজনক হলেও অন্য কোন বিভাগীয় কার্যালয়ই আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি, যা মোটেও কাঙ্খিত নয়। স্থানীয় মুখ্য কার্যালয় এ খাতে কোন ঋণ বিতরন করতে পারেনি।

চলমান পাতা ২

বিষয় ঃ ২০২২-২০২৩ অর্থবছরে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই'র আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ বাস্তবায়নকল্পে যথাসময়ে ঋণ বিতরনের আনুপাতিক লক্ষমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, ২০২২-২০২৩ অর্থবছরে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই'র আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ বাস্তবায়নকল্পে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট খাতের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি পুনঃঅর্থায়ন সুবিধাসমূহ যথাযথ সময়ের মধ্যে পাওয়ার লক্ষ্যে চাহিত তথ্যাদি/বিবরণী নির্ভুলভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/ করোনা /২০২২-২৩/ ২০৬৬(১২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

20/02/2023
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক